**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে ৬ জন প্রার্থীরই মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত।**
**(২) এডিসি নির্বাচনে মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন আগামীকাল।**
**(৩) এডিসি নির্বাচনে ২৮টি আসনেই বিজেপির প্রার্থী তালিকা প্রকাশিত।**
**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পশ্চিম এশিয়ায় শান্তি পুনরুদ্ধারের জন্য আলোচনা এবং কূটনীতির পক্ষে জোর দিয়েছেন ।**
**(৫) তিনদিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী আগামীকাল থেকে শুরু হচ্ছে।**

************************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনের আজ স্ক্রুটিনির পর ৬ জন প্রার্থীর মনোনয়নপত্রই বৈধ বলে বিবেচিত হয়েছে। প্রার্থীরা হলেন বিজেপির জহর চক্রবর্তী, সি.পি.আই.এমের অমিতাভ দত্ত, জাতীয় কংগ্রেসের চয়ন ভট্টাচার্য, আমরা বাঙালি দলের বিভাস রঞ্জন দাস, এস.ইউ.সি.আই'এর সঞ্জয় চৌধুরী এবং নির্দল প্রার্থী ব্রজলাল নাথ। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী আজ এখবর জানিয়েছেন। তিনি জানান, নির্বাচন কমিশনের সাধারণ পর্যবেক্ষক হরিশ কুমার কে, পুলিশ পর্যবেক্ষক সতিশ বিনো, ব্যয় পর্যবেক্ষক ড. বীর ধ্যানেশ্বর উপ-নির্বাচনের কাজকর্ম তদারকি করার জন্যে ইতিমধ্যে ধর্মনগরে পৌঁছে গেছেন।

*******************************

**ECI Meeting :**

নির্বাচন কমিশন আজ ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের প্রস্তুতি নিয়ে পর্যালোচনা বৈঠক করেন। ভার্চুয়ালভাবে অনুষ্ঠিত এই বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, নির্বাচন কমিশনার ডঃ এস এস সান্ধু এবং ডঃ বিবেক জোশী। আগরতলা থেকে ভার্চুয়ালভাবে বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, পুলিশের মহানির্দেশক। এই বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার হিংসতামুক্ত, ভীতিপ্রদর্শনমুক্ত ও প্রলোভনমুক্ত নির্বাচন নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন। বৈঠকে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের আইন-শৃঙ্খলা পরিস্থিতিও পর্যালোচনা করা হয়। উপ-নির্বাচনকে ঘিরে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখতে সীমান্তবর্তী অঞ্চল সিল করার জন্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে বলা হয়েছে। উল্লেখ্য, নির্বাচন কমিশন আজ আসাম, কেরালা, পুদুচেরি, তামিলনাড়ু এবং পশ্চিমবঙ্গ সহ যে ছয়টি রাজ্যে উপ-নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে, সেই সমস্ত রাজ্যে মুখ্যসচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক ও পুলিশের মহানির্দেশকের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করে।

******************************

**Nomination :**

এডিসি নির্বাচনে মনোনয়নপত্র জমা দেবার শেষ দিন আগামীকাল। স্ক্রুটিনি ২৬শে মার্চ। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন ২৮শে মার্চ। এডিসি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন মাছমারা কেন্দ্রে কংগ্রেস প্রার্থী অর্জুন রায়, করমছড়া কেন্দ্রে কংগ্রেস প্রার্থী ধীরেন্দ্র দেববর্মা, বীরচন্দ্র কলসি কেন্দ্রে আই.পি.এফ.টি প্রার্থী জিতিরাম ত্রিপুরা, কিল্লা-বাগমা কেন্দ্রে কংগ্রেসের আরত বাহাদুর মলসুম ও কাঁঠালিয়া-মির্জা-রাজাপুর কেন্দ্রে ভুঁইয়া লীলা নোয়াতিয়া প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন।

তাছাড়া কংগ্রেস প্রার্থী দিনা রাম রিয়াং গঙ্গানগর-গন্ডাছড়া কেন্দ্রে ও সুরেশ ত্রিপুরা রাইমাভ্যালী কেন্দ্রে মনোনয়ন জমা দিয়েছেন। কিল্লা বাগমা

কেন্দ্রে এডিসির মুখ্য নির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া ও বোধজংনগর ওয়াকিনগর কেন্দ্রে রুনিয়েল দেববর্মা তিপরা মথার প্রার্থী হিসাবে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

*****************************

**BJP-Candidate :**

আসন্ন এডিসি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য আজ ২৮টি আসনে বিজেপি প্রার্থীদের নাম ঘোষণা করেছেন। প্রার্থীরা হলেন দামছড়া-জম্পুই আসনে রবীন্দ্র রিয়াং, মাছমারা আসনে মঞ্জু রানী সরকার, দশদা কাঞ্চনপুর আসনে শৈলেন্দ্র নাথ, করমছড়ায় বিমল কান্তি চাকমা, ছামনুতে এসমেল জয় ত্রিপুরা, মনু ছৈলেংটায় সুকেশ দত্ত বড়ুয়া, ডেমছড়া-কচুছড়ায় বিপিন দেববর্মা, গন্ডাছড়া-গঙ্গানগরে ভুমিকানন্দ রিয়াং, আশারামবাড়ী-হালাহালিতে অনন্ত দেববর্মা, কুলাই-চাম্পাহাওরে বিমল দেববর্মাকে প্রার্থী করা হয়েছে।

তাছাড়া তেলিয়ামুড়া-মহারানীপুর আসনে বিল্ব জমাতিয়া, রামচন্দ্রঘাটে ডেভিড দেববর্মা, সিমনা-তমাকারিতে ইন্দ্রজিত দেববর্মা, বোধজংনগর-ওয়াকীনগরে রণবীর দেববর্মা, জিরানিয়ায় অভিজিৎ দেববর্মা, মান্দাই-পুলিনপুরে রাজেশ দেববর্মা, পেকুয়ারজলা-জন্মেজয়নগরে মেজী দেববর্মা, টাকারজলা-জম্পুইজলায় নির্মল দেববর্মা এবং আমতলী-গোলাঘাটিতে কানুরাজ দেববর্মাকে প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে।

কিল্লা-বাগমা আসনে অমর জমাতিয়া, মহারানী-চেলাগাংয়ে সম্রাট জমাতিয়া, কাঠালিয়া-মির্জা-রাজাপুরে পদ্মলোচন ত্রিপুরা, অম্পিনগরে সদাগর কলই, রাইমাভ্যালিতে সমীর রঞ্জন ত্রিপুরা, নতুনবাজার-মালবাসায় অবীন্দ্র রিয়াং, বীরচন্দ্র-কলসিতে সঞ্জীব রিয়াং, পূর্ব মুহুরীপুর-ভুরাতলিতে অভিজিৎ ত্রিপুরা এবং শিলাছড়ি-মনুবনকুল আসনে কানিজাউং মগকে বিজেপির প্রার্থী হিসাবে মনোনীত করা হয়েছে।

**************************

**BJP Joining :**

তিপরা মথা দলের ৫ নেতা আজ বিজেপি দলে যোগ দিয়েছেন। এরমধ্যে উল্লেখযোগ্যরা হলেন এডিসি'র কার্যনির্বাহী সদস্য অনন্ত দেববর্মা ও এডিসি সদস্য সদাগর কলই। এ উপলক্ষ্যে বিজেপি রাজ্য কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় ও বিজেপি প্রদেশ সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য।

**************************

**CPIM Press Meet :**

বামফ্রন্ট রাজ্য কমিটি আসন্ন এডিসি নির্বাচন এবং ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচন অবাধ সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার দাবি জানিয়েছেন। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য ১০ দফা দাবিতে বামফ্রন্ট নেতৃবৃন্দ আজ প্রথমে রাজ্য নির্বাচন কমিশনার মনোজ কুমার ও পরে রাজ্যের মুখ্য নির্বাচনী অধিকারীক ব্রিজেস পান্ডের কাছে ডেপুটেশন দেন। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে এ বিষয়ে বিস্তারিত জানিয়েছেন রাজ্য বামফ্রন্ট আহবায়ক মানিক দে ও সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী।

**************************

**Award :**

রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তর থেকে সম্বর্ধিত কৃতী শিক্ষিকা, কবি, সাহিত্যিক ও বাচিক শিল্পী মীনাক্ষী ভট্টাচার্য্য কলকাতার টেগোর রিসার্চ ইনস্টিটিউট থেকে 'রবীন্দ্রজ্ঞানতীর্থ' উপাধি পেয়েছেন। গত ২২শে মার্চ কোলকাতায় সমাবর্তন অনুষ্ঠানে তাঁকে সম্বর্ধিত করা হয় ও তাঁর হাতে এই সম্মান তুলে দেয়া হয়।

**************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি পশ্চিম এশিয়ায় শান্তি পুনরুদ্ধারের জন্য আলোচনা এবং কূটনীতির পক্ষে জোর দিয়েছেন। আজ রাজ্যসভায় ভারতের অবস্থান

ব্যাখ্যা করে শ্রী মোদি বলেন, ভারত উত্তেজনা হ্রাস এবং হরমুজ প্রণালী পুনরায় চালু করার বিষয়টি উত্থাপন করেছে। তিনি বলেন, এই যুদ্ধের পরিবেশেও ভারতীয় জাহাজের নিরাপদ চলাচল নিশ্চিত করতে ভারত কূটনীতির মাধ্যমে ক্রমাগত চেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, গত কয়েকদিনে বিশ্বের অনেক দেশ থেকে অপরিশোধিত তেল ও এলপিজি বোঝাই জাহাজ ভারতে এসেছে। তিনি বলেন, ভারত সার, তেল এবং গ্যাসের মতো প্রয়োজনীয় পণ্য বহনকারী সমস্ত জাহাজের নিরাপদ চলাচল নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।

*************************

**PM conversation with US President :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। সামাজিক মাধ্যমে শ্রী মোদী জানান, উভয় নেতা পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিয়ে মতবিনিময় করেছেন। শ্রী মোদি বলেছেন, উভয় নেতা শান্তি ও স্থিতিশীলতার দিকে প্রচেষ্টার বিষয়ে যোগাযোগ রাখতে সম্মত হয়েছেন।

**************************

**BramhaKunda Mela :**

তিনদিনব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী আগামীকাল থেকে মোহনপুর মহকুমার ব্রহ্মকুন্ডে শুরু হবে। আগামীকাল বিকাল ৪টায় মেলা ও প্রদর্শনীর উদ্বোধন করবেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল।

*************************

**World Tuberculosis Day :**

আজ বিশ্ব যক্ষ্মা দিবস। যক্ষ্মার বিধ্বংসী স্বাস্থ্য, সামাজিক ও অর্থনৈতিক পরিণতি সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং বিশ্বব্যাপী মহামারী নির্মূলের

প্রচেষ্টা জোরদার করতে প্রতি বছর ২৪শে মার্চ এই দিনটি পালন করা হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এক বার্তায় বলেছেন, টিবি মুক্ত ভারত অভিযানের ফলে প্রাথমিক রোগ নির্ণয় সম্প্রসারণ, বিনামূল্যে চিকিৎসা নিশ্চিতকরণ, পুষ্টি সহায়তা শক্তিশালীকরণ এবং রোগীর যত্নের উন্নতি সাধনে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।

***************************

**Package Story-World Tuberculosis Day :**

বিশ্ব যক্ষা দিবস উপলক্ষে আগরতলার নাগিছড়ায় কাঠিয়াবাবা আশ্রমে স্বাস্থ্য দপ্তর ও জাতীয় স্বাস্থ্য মিশন রাজ্য শাখার উদ্যোগে যক্ষা রোগীদের জন্য সচেতনতার লক্ষ্যে রাজ্য ভিত্তিক ১০০ দিনের যক্ষা নির্মূলীকরণ প্রচার অভিযানের সূচনা হয়। একটি প্রতিবেদন।

######VC######

*****************************

**World Tuberculosis Day-Kailashahar :**

বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষ্যে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উদ্বোধন করেন ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা। বক্তব্য রাখেন ঊনকোটি জেলার CMO ডাঃ শীর্ষেন্দু চাকমা। এই উপলক্ষ্যে এক বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর জেলা, ধলাই জেলা, ঊনকোটি জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২

ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

************************